গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
আগারগাঁও, ঢাকা-১২০৭।

বিষয়: জিটিসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) হালনাগাদকরণ বিষয়ক গঠিত কমিটির সভার কার্যবিবরণী।

১। কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) প্রণয়নের লক্ষ্যে অফিস আদেশ নং-৫৯/২০১৫, তারিখ: ০১-০৬-২০১৫ এর মাধ্যমে একটি কমিটি গঠন করা হয়। পরবর্তীতে অফিস আদেশ নং-১৯৪/২০১৮, তারিখ: ০৪-১০-২০১৮ এর মাধ্যমে সিটিজেন চার্টার প্রণয়ন কমিটির ToR এ 'সিটিজেন চার্টার হালনাগাদপূর্বক প্রকাশিত সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদানের বিষয়টি মনিটরিং' করার দায়িত্বও অর্পণ করা হয়। জিটিসিএল-এর সিটিজেন চার্টার প্রণয়ন কমিটি নিম্নরূপ:

| | |
|---|---|
| (১.১) পরিচালক (অপারেশন) | - আহবায়ক |
| (১.২) মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ওয়েস্ট) | - সদস্য |
| (১.৩) কোম্পানি সচিব | - সদস্য |
| (১.৪) মহাব্যবস্থাপক (কিউএসএ) | - সদস্য |
| (১.৫) মহাব্যবস্থাপক (জেনারেল সার্ভিসেস) | - সদস্য |
| (১.৬) পরিচালক (অর্থ) | - সদস্য |
| (১.৭) উপ-মহাব্যবস্থাপক (ল এন্ড শেয়ার) | - সদস্য-সচিব। |

উপর্যুক্ত কমিটির মাধ্যমে গত ০২-১২-২০১৫ তারিখে জিটিসিএল-এর সিটিজেন চার্টার প্রণয়ন করা হয় এবং পরবর্তীতে বিভিন্ন সময়ে তা হালনাগাদ করা হয়েছে এবং কমিটি কর্তৃক বাস্তবায়ন কার্যক্রম মনিটরিং করা হচ্ছে।

২। পেট্রোবাংলার গত ২৭-১২-২০২০ তারিখে এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের গত ৩০-১২-২০২০ তারিখে অনুষ্ঠিত সভার মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগের টেম্পলেট অনুযায়ী সিটিজেন চার্টার প্রস্তুত করার নির্দেশনা প্রদান করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের টেম্পলেট অর্থাৎ সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) নির্দেশিকা ২০১৭ অনুযায়ী সর্বশেষ গত ৩১-০৩-২০২২ তারিখে ত্রৈমাসিক ভিত্তিতে (জানুয়ারি-মার্চ '২২) মেয়াদে হালনাগাদ করে কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

৩। জিটিসিএল-এর অডিটরিয়ামে গত ৩০-০৩-২০২২ তারিখে অনুষ্ঠিত 'এপিএ অর্জন প্রমাণক ও প্রতিবেদন প্রস্তুত' শীর্ষক কর্মশালায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উপসচিব (প্রশাসন-২ অধিশাখা) উক্ত বিভাগের ওয়েবসাইটে লাইভ পোর্টালে জিটিসিএল-এর Citizen's Charter অতিসত্বর সংযুক্ত করার পরামর্শ প্রদান করে। এতদ্‌বিষয়ে কোম্পানির আইসিটি ডিপার্টমেন্ট কোম্পানির Citizen's Charter কমিটির সদস্য-সচিবকে অবহিত করলে বিষয়টি কমিটির আহবায়ক মহোদয়কে জানানো হয় এবং তিনি অতিসত্বর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। এ লক্ষ্যে গত ২৭-০৪-২০২২ তারিখে কমিটির একটি সভা অনুষ্ঠিত হয় এবং কমিটি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের লাইভ পোর্টালে সংযুক্ত করার লক্ষ্যে জিটিসিএল-এর Citizen's Charter পুনরায় হালনাগাদ করে (সংযুক্তি-১)।

৪। উল্লেখ্য, পেট্রোবাংলা ও এর আওতাধীন কোম্পানিসমূহের মধ্যে পেট্রোবাংলা ছাড়া অন্য কোন কোম্পানি অদ্যাবধি লাইভ পোর্টালে Citizen's Charter সংযুক্ত করেনি বলে জানা যায়। তবে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও পেট্রোবাংলার ওয়েবসাইটে প্রকাশিত Citizen's Charter ও লাইভ পোর্টালে সংযুক্ত Citizen's Charter পরীক্ষান্তে দেখা যায় যে, পেট্রোবাংলা তাদের ওয়েবসাইটে প্রকাশিত Citizen's Charter এ মোট ৬টি নাগরিক সেবা উল্লেখ করলেও লাইভ পোর্টালে সংযুক্ত Citizen's Charter এ কোন নাগরিক সেবা উল্লেখ করেনি, অনুরুপভাবে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশিত Citizen's Charter এ মোট ৭ টি নাগরিক সেবা উল্লেখ করলেও লাইভ পোর্টালে সংযুক্ত Citizen's Charter এ মোট ২টি নাগরিক সেবা উল্লেখ করেছে। এছাড়া, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং পেট্রোবাংলা যে সকল সেবার ক্ষেত্রে 'সেবা প্রদানের সময়সীমা' উল্লেখ করেছে শুধু সে সকল সেবা লাইভ পোর্টালে প্রকাশের নিমিত্ত কমিটি সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৫। কমিটির সুপারিশ:

কমিটি কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিতে এপ্রিল-জুন, ২০২২ মেয়াদে হালনাগাদকৃত Citizen's Charter কোম্পানিতে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত সুপারিশ করছে:

(৫.১) জিটিসিএল এর হালনাগাদকৃত Citizen's Charter এর নাগরিক সেবা ব্যতিরেকে যে সকল সেবার ক্ষেত্রে 'সেবা প্রদানের সময়সীমা' উল্লেখ রয়েছে শুধু সে সকল সেবা লাইভ পোর্টালে প্রকাশকরণ;

(৫.২) কমিটি কর্তৃক হালনাগাদকৃত Citizen's Charter আইসিটি ডিপার্টমেন্টের মাধ্যমে কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের লাইভ পোর্টালে অন্তর্ভূক্তকরণ এবং

(৫.৩) প্রয়োজন মোতাবেক কোম্পানির Citizen's Charter নিয়মিতভাবে হালনাগাদকরণ।

| | | |
|---|---|---|
| 06/06/2022 | 06/06/2022 | 06/6/2022 |
| (মোঃ সিদ্দিকুর রহমান)<br>উপ-মহাব্যবস্থাপক (ল' এন্ড শেয়ার)<br>ও সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি। | (মোঃ আক্তারুজ্জামান)<br>পরিচালক (অর্থ)<br>ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি। | (মোহছেনা আক্তার)<br>মহাব্যবস্থাপক (জেনারেল সার্ভিসেস)<br>ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি। |
| 06/06/2022 | 06/06/2022 | 06/6/2022 |
| (মোঃ শরিফুল ইসলাম)<br>মহাব্যবস্থাপক (কিউএসএ)<br>ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি। | (কাজী হাসান মাসুদ)<br>কোম্পানি সচিব/মহাব্যবস্থাপক<br>ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি। | (নজরুল ইসলাম)<br>মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ওয়েস্ট)<br>ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি। |

06/6/2022

(প্রকৌ. মোঃ তাজুল ইসলাম মজুমদার)
পরিচালক (অপারেশন)
ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি।